শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের দপ্তর,
সামাজিক বন অঞ্চল, কৈগাড়ী, বগুড়া

পত্র নং- ২২.০১.০০০০.২০১.০৫.০৯০.২২. ১৪৭৫

তারিখ : ৩১/৮/২০২২ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আওতাধীন **বন অধিদপ্তরের** রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট **হতে নিম্নবর্ণিত শর্ত** সাপেক্ষে http://cfbog.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|---|
| | | রাজশাহী বিভাগ | রংপুর বিভাগ | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | ফরেস্ট গার্ড | ৪৮ (আটচল্লিশ) টি | ৪১ (একচল্লিশ) টি | টাকা ৯০০০-২১৮০০ (গ্রেড - ১৭) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) উচ্চতা ১৬৩ সে.মি. ও বুকের মাপ ৭৬ সে.মি. হতে হবে। | **রাজশাহী বিভাগ :** রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলা।<br>**রংপুর বিভাগ :** রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, দিনাজপুর, পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলা। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলী

১. ৩০/৯/২০২২ খ্রিঃ (অর্থাৎ আবেদন গ্রহণের শেষ তারিখ) তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়স ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এভিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. আবেদন পত্র গ্রহণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময় ১৫/৯/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০-০০ ঘটিকা ।

৩. আবেদন পত্র জমা দানের শেষ তারিখ ও সময় ৩০/৯/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০ ঘটিকা ।

৪. কোন সরকারি বা আধাসরকারি সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫. সরকার নির্ধারিত নির্বাচনী কমিটি কর্তৃক প্রার্থী বাছাই করা হবে। প্রার্থীদের এতদুদ্দেশ্যে আয়োজিত ক্ষেত্র অনুযায়ী লিখিত, শারীরিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬. উপরোক্ত ছকে বর্ণিত পদের প্রার্থীদের বন অধিদপ্তরের কর্মচারি নিয়োগ বিধিমালা,২০১৯ এর তফসিল ২ অনুযায়ী বাংলা, ইংরেজী, গণিত, প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৭. সরকারি নির্দেশনা মোতাবেক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (শুধুমাত্র রাইফেল ট্রেনিংধারী), এতিমখানা নিবাসী ও শারিরিক প্রতিবন্ধী (সমাজসেবা অধিদপ্তরের এতিম ও প্রতিবন্ধি সনদ প্রাপ্ত), মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি (জেলা প্রশাসকের দপ্তর কর্তৃক প্রাপ্ত সনদপত্র), মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বর্তমান প্রচলিত কোটা ও জেলা কোটা ক্ষেত্রমতে যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮. আবেদনকারীকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্ন বর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা(প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র।

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদ পত্র।

ঙ) শারিরিক প্রতিবন্ধী ও এতিম (সমাজসেবা অধিদপ্তরের এতিম ও প্রতিবন্ধি সনদ প্রাপ্ত), ক্ষুদ্র নৃ-গোষ্ঠি (জেলা প্রশাসকের দপ্তর কর্তৃক প্রাপ্ত সনদপত্র) এবং আনসার ও ভিডিপি (শুধুমাত্র রাইফেল ট্রেনিংধারী) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র কন্যার পুত্র-কন্যাগণের পিতামহ/মাতামহ এর মুক্তিযোদ্ধা সনদপত্র (সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদসহ)।

চ) আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনের সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ছ) সরকারি/বে-সরকারি সংস্থায় কর্মরতদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের NOC/প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

৯. কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণ বশত: নিয়োগ প্রক্রিয়া যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১০. কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১১. প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।

১২. নিয়োগের বিষয়ে কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৩. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

## অনলাইনে আবেদনের নিয়মাবলী

ক) পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক প্রার্থীকে http://cfbog.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online আবেদন পত্র জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১৫-৯-২০২২ খ্রিঃ, সকাল ১০.০ টা।

ii) Online আবেদন পত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৩০-৯-২০২২ খ্রিঃ, বিকাল ৫.০ টা।

উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০, প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :

Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি USER ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant`s কপিতে একটি USER ID নম্বর দেয়া থাকবে এবং USER ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- টাকা এবং টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS :** **CFBOG** <space> **USER ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: CFBOG ABCDEF

Reply: Aplicant`s Name, TK 56/- will be charged application fee. Your PIN is 12345678. To Pay fee Type CFBOG <space> YES<space>PIN and Send to 16222

**দ্বিতীয় SMS:** **CFBOG** <space> **YES** <space> **PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: **CFBOG YES 12345678**

নিয়োগ বিজ্ঞপ্তি (Final)

Reply: Congratulation Aplicant's Name, payment completed succesfully for CFBOG Application for the post of XXXXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXX).

(চ) প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://cfbog.teletalk.com.bd অথবা বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) USER ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ USER ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) USER ID জানা থাকলে প্রথম CFBOG<space>**Help**<space>USER<space>USER ID & Send to ১৬২২২ নম্বরে

Example: **CFBOG Help USER ABCDEF**

ii) PIN Number জানা থাকলে CFBOG <space>**Help**<space> PIN <space> PIN No & Send to ১৬২২২ নম্বরে।

Example: **CFBOG Help PIN 12345678**

(ঝ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্ণীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল এবং প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা,যাবে।

(ঞ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বন অধিদপ্তরের ওয়েব সাইট www.bforest.gov.bd এবং http://cfbog.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.boiler.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র দাখিল/প্রদর্শণ করতে হবে। ত্রুটিপূর্ণ / অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

(ঠ) Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: **CFBOG** Post Name ****, Applicants User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

*** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০১/৮/২০২১

(মোহাম্মদ আমিনুল ইসলাম)
পরিচিতি নম্বর-১৩১৫৫
বন সংরক্ষক
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি
রাজশাহী ও রংপুর বিভাগ
ফোনঃ ০২৫৮৯৯০০১৮২
ই-মেইল-cfbogra@gmail.com